

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ৪৬ -জি,

তারিখঃ ০৭.০২.২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ৩(তিন) জন মাননীয় বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি মির্জা হোসেইন হায়দার ২। বিচারপতি মোঃ নিজামুল হক এবং ৩। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ২৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ০৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.১৬-৯৯ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। আগামী ২৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ০৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ রোজ সোমবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে নবনিয়োগকৃত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

স্বা/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার জেনারেল (ভারপ্রাপ্ত)।

স্মারক নং- ১০১৪ (৪) -জি,

তারিখঃ ০৭.০২.২০১৬ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ।
- ২। সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৩। সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [ওয়েব সাইটে প্রচারের জন্য]
- ৬। কোর্ট অফিসার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। কোর্ট অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।



(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন-৯৫৬৬৮২৬।

E-mail: aziz_dr@supremecourt.gov.bd